MEDIA COVERAGE COMPILATION

# Prime Minister's Meeting on the Use of Vetiver Grass to Protect Roads and Embankments

*Cabinet Division, Prime Minister's Office — 17 August 2026*

AS COVERED BY

The Daily Campus · JagoNews24 · Ajker Patrika · RTV News
Sarabangla.net · OurIslam24 · Dhaka Mail · Bangladesh Times
Face The People · BSS News · Barta24

17–18 August 2026

THE DAILY CAMPUS

17 August 2026, 07:01 PM

# সড়ক-বাঁধ রক্ষায় বিন্না ঘাসের ব্যবহার নিয়ে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে সভা

thedailycampus.com



**প্রধানমন্ত্রীর সভাপতিত্বে সড়ক ও বাঁধ ভাঙন রোধে পরিবেশবান্ধব বিন্না ঘাসের ব্যবহার নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৭ আগস্ট) বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর কার্যালয়ে এই বৈঠক অনুষ্ঠিত হয়।**

বৈঠকে বিন্না ঘাসের ব্যবহার নিয়ে একটি প্রস্তাবনা তুলে ধরেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের শিক্ষক ও গবেষক ড. মোহাম্মদ শরীফুল ইসলাম। বৈঠকে বিন্না ঘাসের উপকারিতা এবং দেশের সড়ক ও বাঁধ নির্মাণ প্রকল্পে এই ঘাসের ব্যবহার নিয়ে একমত পোষণ করা হয়।

বৈঠকে ঠিক কোন কোন প্রকল্পে এই ঘাসের ব্যবহার করা যেতে পারে, তা আরও বিস্তারিতভাবে পর্যালোচনার জন্য অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীরের নেতৃত্বে প্রস্তাবক ড. মোহাম্মদ শরীফুল ইসলামসহ একটি টেকনিক্যাল কমিটি গঠনের সিদ্ধান্ত হয়েছে।

পরিকল্পনা মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে এই ঘাসের ব্যবহার বিষয়ে একটি গাইডলাইন তৈরির সিদ্ধান্তও নেওয়া হয়েছে।

প্রসঙ্গত, এই ঘাসকে ভেটিভার ঘাসও বলা হয়। বিশ্বের বিভিন্ন দেশে বাঁধ ভাঙন মোকাবিলায় এই বিন্না ঘাসের ব্যবহার হচ্ছে। বিন্না ঘাসের লম্বা মূল বা শিকড় খুব দ্রুত মাটির গভীরে প্রবেশ করে এবং মাটিকে শক্তভাবে

আঁকড়ে ধরে রাখে। প্রচণ্ড ঠান্ডা ও তীব্র গরমসহ প্রতিকূল পরিবেশেও এই ঘাস বেঁচে থাকতে পারে। পানিতে ডুবে থাকলেও এটি পচে না এবং লবণাক্ত পানিতেও টিকে থাকতে পারে।

বৈঠকে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী আসাদুল হাবিব দুলু, পানি সম্পদ মন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ, অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম, পানি সম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ, রেলপথ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ, নৌপরিবহন প্রতিমন্ত্রী মো. রাজিব আহসান প্রমুখ।

17 August 2026, 08:23 PM

# সড়ক-বাঁধ ভাঙন রোধে বিন্না ঘাস ব্যবহারের সিদ্ধান্ত

www.jagonews24.com



সড়ক ও বাঁধের ভাঙন রোধে পরিবেশবান্ধব বিন্না ঘাস ব্যবহারের বিষয়ে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধিদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১৭ আগস্ট) বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি শাহাদাৎ স্বাধীন এ তথ্য জানান।

সভায় বিন্না ঘাসের ব্যবহার নিয়ে একটি প্রস্তাবনা উপস্থাপন করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) পুরকৌশল বিভাগের শিক্ষক ও গবেষক ড. মোহাম্মদ শরীফুল ইসলাম। পরে সড়ক ও বাঁধ নির্মাণ প্রকল্পে বিন্না ঘাস ব্যবহারের উপকারিতা নিয়ে আলোচনা হয় এবং এর ব্যবহারে একমত পোষণ করা হয়।



*সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধিদের নিয়ে সভায় প্রধানমন্ত্রী তারেক রহমান*

বিন্না ঘাস কোন কোন প্রকল্পে ব্যবহার করা যেতে পারে, তা বিস্তারিত পর্যালোচনার জন্য অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীরের নেতৃত্বে একটি টেকনিক্যাল কমিটি গঠনের সিদ্ধান্ত হয়েছে। কমিটিতে প্রস্তাবক বুয়েটের পুরকৌশল বিভাগের শিক্ষক ও গবেষক ড. মোহাম্মদ শরীফুল ইসলামও থাকবেন।

এ ছাড়া পরিকল্পনা মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে বিন্না ঘাসের ব্যবহার বিষয়ে একটি গাইডলাইন প্রণয়নের সিদ্ধান্ত হয়েছে।

বৈঠকে জানানো হয়, বিন্না ঘাস ভেটিভার ঘাস নামেও পরিচিত। বিশ্বের বিভিন্ন দেশে বাঁধের ভাঙন রোধে এটি ব্যবহার করা হচ্ছে। এ ঘাসের লম্বা শিকড় দ্রুত মাটির গভীরে প্রবেশ করে মাটি শক্তভাবে ধরে রাখে। প্রচণ্ড ঠান্ডা ও গরমসহ প্রতিকূল পরিবেশেও এটি টিকে থাকতে পারে। এমনকি পানিতে ডুবে থাকলেও পচে না এবং লবণাক্ত পানিতেও বেঁচে থাকে।

বৈঠকে স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী আসাদুল হাবিব দুলু, পানিসম্পদ মন্ত্রী মো. শহীদউদ্দীন চৌধুরী এ্যানি, কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী ও প্রতিমন্ত্রীরা উপস্থিত ছিলেন।

এছাড়া অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীরসহ স্থানীয় সরকার, পরিবেশ, পানিসম্পদ, রেলপথ ও নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীরাও বৈঠকে অংশ নেন।

*কেএইচ/এমএএইচ/*

আজকের পত্রিকা

17 August 2026, 09:08 PM

# সড়ক ও বাঁধ-ভাঙন রোধে বিন্না ঘাস ব্যবহারের উদ্যোগ

www.ajkerpatrika.com

সড়ক ও বাঁধের ভাঙন রোধে পরিবেশবান্ধব বিন্না ঘাস ব্যবহারের উদ্যোগ নিয়েছে সরকার। দেশের বিভিন্ন সড়ক ও বাঁধ নির্মাণ প্রকল্পে এই ঘাস ব্যবহার করা যায় কি না, তা পর্যালোচনা করে প্রয়োজনীয় গাইডলাইন তৈরির সিদ্ধান্ত হয়েছে।

আজ সোমবার বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এক সভায় এই সিদ্ধান্ত হয়। প্রধানমন্ত্রী এই সভায় সভাপতিত্ব করেন।

সভায় বিন্না ঘাসের ব্যবহার নিয়ে একটি প্রস্তাবনা তুলে ধরেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) পুরকৌশল বিভাগের শিক্ষক ও গবেষক ড. মোহাম্মদ শরীফুল ইসলাম। তাঁর উপস্থাপনায় বিন্না ঘাসের বিভিন্ন উপকারিতা এবং দেশের সড়ক ও বাঁধ নির্মাণ প্রকল্পে এর সম্ভাব্য ব্যবহার নিয়ে আলোচনা হয়।

সভায় বিন্না ঘাস ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্টরা একমত পোষণ করেন। কোন কোন প্রকল্পে বিন্না ঘাস ব্যবহার করা যেতে পারে, তা আরও বিস্তারিত পর্যালোচনার জন্য একটি কমিটি গঠনের সিদ্ধান্ত হয়েছে। অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীরকে কমিটির নেতৃত্ব দেওয়া হবে। কমিটিতে প্রস্তাবক ড. মোহাম্মদ শরীফুল ইসলামসহ সংশ্লিষ্ট বিশেষজ্ঞরা থাকবেন। এ ছাড়া পরিকল্পনা মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে সড়ক ও বাঁধসহ বিভিন্ন অবকাঠামো প্রকল্পে বিন্না ঘাস ব্যবহারের বিষয়ে একটি গাইডলাইন তৈরির সিদ্ধান্ত হয়েছে।

সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলু, পানিসম্পদমন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ, অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীরসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী, প্রতিমন্ত্রী ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

17 August 2026, 07:23 PM

# প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বিন্না ঘাসের ব্যবহার নিয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের সভা

rtvonline.com

প্রধানমন্ত্রীর সভাপতিত্বে সড়ক ও বাঁধ ভাঙন রোধে পরিবেশবান্ধব বিন্না ঘাসের ব্যবহার নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১৭ আগস্ট) বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর কার্যালয়ে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে বিন্না ঘাসের ব্যবহার নিয়ে একটি প্রস্তাবনা তুলে ধরেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের শিক্ষক ও গবেষক ড. মোহাম্মদ শরীফুল ইসলাম। অনুষ্ঠানে বিন্না ঘাসের উপকারিতা এবং দেশের সড়ক ও বাঁধ নির্মাণ প্রকল্পে এই ঘাসের ব্যবহার নিয়ে একমত পোষণ করা হয়।



আলোচনায় ঠিক কোন কোন প্রকল্পে এই ঘাসের ব্যবহার করা যেতে পারে, তা আরও বিস্তারিতভাবে পর্যালোচনার জন্য অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীরের নেতৃত্বে প্রস্তাবক ড. মোহাম্মদ শরীফুল ইসলামসহ একটি টেকনিক্যাল কমিটি গঠনের সিদ্ধান্ত হয়েছে।

পরিকল্পনা মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে এই ঘাসের ব্যবহার বিষয়ে একটি গাইডলাইন তৈরির সিদ্ধান্তও নেওয়া হয়েছে।

উল্লেখ্য, এই ঘাসকে ভেটিভার ঘাসও বলা হয়। বিশ্বের বিভিন্ন দেশে বাঁধ ভাঙন মোকাবিলায় এই বিন্না ঘাসের ব্যবহার হচ্ছে। বিন্না ঘাসের লম্বা মূল বা শিকড় খুব দ্রুত মাটির গভীরে প্রবেশ করে এবং মাটিকে শক্তভাবে আঁকড়ে ধরে রাখে। প্রচণ্ড ঠান্ডা ও তীব্র গরমসহ প্রতিকূল পরিবেশেও এই ঘাস বেঁচে থাকতে পারে। পানিতে ডুবে থাকলেও এটি পচে না এবং লবণাক্ত পানিতেও টিকে থাকতে পারে।

সভায় উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী আসাদুল হাবিব দুলু, পানি সম্পদ মন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ, অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম, পানি সম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ, রেলপথ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ, নৌপরিবহন প্রতিমন্ত্রী মো. রাজিব আহসান প্রমুখ।

*আরটিভি/ এসকেডি*

সারাবাংলা
sarabangla.net

18 August 2026, 07:53 PM

# সড়ক ও বাঁধ রক্ষায় বিন্না ঘাস ব্যবহারের সিদ্ধান্ত

sarabangla.net



**ঢাকা:** সড়ক ও বাঁধ ভাঙন রোধে পরিবেশবান্ধব বিন্না ঘাস ব্যবহারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সোমবার (১৭ আগস্ট) প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এক উচ্চপর্যায়ের সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে দেশের সড়ক ও বাঁধ নির্মাণ প্রকল্পে বিন্না ঘাস ব্যবহারের বিষয়ে সবাই একমত পোষণ করেন।

বৈঠকে বিন্না ঘাসের ব্যবহার নিয়ে একটি বিস্তারিত প্রস্তাবনা তুলে ধরেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের শিক্ষক ও গবেষক ড. মোহাম্মদ শরীফুল ইসলাম। তিনি জানান, এই ঘাসকে ভেটিভার ঘাসও বলা হয়। বিশ্বের বিভিন্ন দেশে বাঁধ ভাঙন মোকাবিলায় বিন্না ঘাস ব্যবহার করা হচ্ছে। বিন্না ঘাসের লম্বা মূল বা শিকড় খুব দ্রুত মাটির গভীরে প্রবেশ করে এবং মাটিকে শক্তভাবে আঁকড়ে ধরে রাখে। প্রচণ্ড ঠান্ডা ও তীব্র গরমসহ প্রতিকূল পরিবেশেও এই ঘাস বেঁচে থাকতে পারে। পানিতে ডুবে থাকলেও এটি পচে না এবং লবণাক্ত পানিতেও টিকে থাকতে পারে।

বৈঠকে ঠিক কোন কোন প্রকল্পে এই ঘাসের ব্যবহার করা যেতে পারে, তা আরও বিস্তারিতভাবে পর্যালোচনার জন্য একটি টেকনিক্যাল কমিটি গঠনের সিদ্ধান্ত হয়েছে। অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীরকে এই কমিটির প্রধান করা হয়েছে এবং প্রস্তাবক ড. মোহাম্মদ শরীফুল ইসলামসহ অন্যান্যরা এই কমিটিতে থাকছেন। এছাড়া পরিকল্পনা মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে এই ঘাসের ব্যবহার বিষয়ে একটি গাইডলাইন তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়।

বৈঠকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী আসাদুল হাবিব দুলু, পানি সম্পদ মন্ত্রী শহিদ উদ্দিন চৌধুরী এ্যানি এবং কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ উপস্থিত ছিলেন।

এছাড়া অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম, পানি সম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ, রেলপথ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ ও নৌপরিবহন প্রতিমন্ত্রী মো. রাজিব আহসান বৈঠকে অংশ নেন।

সত্যের পথে তথ্যের সাথে

আওয়ার ইসলাম

www.ourislam24.com

সংবাদ • মতামত • বিশ্লেষণ

17 August 2026, 08:07 PM

# সড়ক ও বাঁধ সুরক্ষায় বিন্না ঘাস ব্যবহারের উদ্যোগ

www.ourislam24.com

সড়ক ও বাঁধের ভাঙন রোধে পরিবেশবান্ধব 'বিন্না ঘাস' বা ভেটিভার ব্যবহারের উদ্যোগ নিয়েছে সরকার।

সোমবার (১৭ আগস্ট) বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।

বৈঠকে বিন্না ঘাসের ব্যবহার নিয়ে বিস্তারিত একটি প্রস্তাবনা তুলে ধরেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) পুরকৌশল বিভাগের শিক্ষক ও গবেষক ড. মোহাম্মদ শরীফুল ইসলাম।

দেশের সড়ক ও বাঁধ নির্মাণ প্রকল্পে এ ঘাসের বহুমুখী উপকারিতা ও ব্যবহার নিয়ে সভায় উপস্থিত সবাই একমত পোষণ করেন। সভায় সিদ্ধান্ত হয়, কোন কোন প্রকল্পে এ ঘাস ব্যবহার করা যেতে পারে, তা বিস্তারিতভাবে পর্যালোচনার জন্য একটি টেকনিক্যাল কমিটি গঠন করা হবে।

অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীরের নেতৃত্বে গঠিত এ কমিটিতে প্রস্তাবক ড. মোহাম্মদ শরীফুল ইসলামও থাকবেন। এছাড়া পরিকল্পনা মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে বিন্না ঘাসের ব্যবহার বিষয়ে একটি পূর্ণাঙ্গ গাইডলাইন তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সংশ্লিষ্টরা জানান, বিন্না ঘাসকে 'ভেটিভার ঘাস'ও বলা হয়। বিশ্বের বিভিন্ন দেশে বাঁধের ভাঙন মোকাবিলায় এ ঘাসের ব্যাপক ব্যবহার রয়েছে। এর লম্বা মূল বা শিকড় দ্রুত মাটির গভীরে প্রবেশ করে এবং মাটিকে শক্তভাবে আঁকড়ে ধরে রাখে।

প্রচণ্ড ঠান্ডা ও তীব্র গরমসহ প্রতিকূল পরিবেশেও এ ঘাস বেঁচে থাকতে পারে। এমনকি দীর্ঘ সময় পানিতে ডুবে থাকলেও ঘাসটি পচে না এবং লবণাক্ত পানিতেও টিকে থাকার অসাধারণ ক্ষমতা রয়েছে।

সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলু, পানিসম্পদমন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ এবং অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর।

এছাড়া স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম, পানিসম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ, রেলপথ প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ এবং নৌপরিবহন প্রতিমন্ত্রী মো. রাজিব আহসানসহ সংশ্লিষ্টরা বৈঠকে অংশ নেন।

**আইও/**

Dhaka Mail

17 August 2026, 08:43 PM

# সড়ক ও বাঁধ ভাঙন রোধে বিন্না ঘাস ব্যবহারের সিদ্ধান্ত

dhakamail.com

সড়ক ও বাঁধ ভাঙন রোধে পরিবেশবান্ধব বিন্না ঘাস (ভেটিভার ঘাস) ব্যবহারের উদ্যোগ নিয়েছে সরকার। দেশের বিভিন্ন সড়ক ও বাঁধ নির্মাণ প্রকল্পে এ ঘাসের ব্যবহার কীভাবে কার্যকরভাবে করা যায়, তা নির্ধারণে একটি টেকনিক্যাল কমিটি গঠনের সিদ্ধান্ত হয়েছে।

সোমবার (১৭ আগস্ট) বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব শাহাদাৎ স্বাধীন জানান, সভায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) পুরকৌশল বিভাগের শিক্ষক ও গবেষক ড. মোহাম্মদ শরীফুল ইসলাম বিন্না ঘাসের ব্যবহার নিয়ে একটি প্রস্তাবনা উপস্থাপন করেন। পরে সড়ক ও বাঁধ ভাঙন রোধে এর সম্ভাব্যতা ও কার্যকারিতা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সভায় দেশের সড়ক ও বাঁধ নির্মাণ প্রকল্পে বিন্না ঘাস ব্যবহারের বিষয়ে নীতিগতভাবে একমত পোষণ করা হয়। তবে কোন কোন প্রকল্পে এটি ব্যবহার করা হবে, তা আরও বিস্তারিতভাবে পর্যালোচনার জন্য অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীরের নেতৃত্বে একটি টেকনিক্যাল কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কমিটিতে প্রস্তাবক ড. মোহাম্মদ শরীফুল ইসলামকেও অন্তর্ভুক্ত করা হবে।

এ ছাড়া পরিকল্পনা মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে বিন্না ঘাস ব্যবহারের বিষয়ে একটি গাইডলাইন প্রণয়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বিন্না ঘাস ভেটিভার ঘাস নামেও পরিচিত। বিশ্বের বিভিন্ন দেশে মাটি ক্ষয় ও বাঁধ ভাঙন রোধে এ ঘাস ব্যবহার করা হয়। এর দীর্ঘ ও শক্তিশালী শিকড় দ্রুত মাটির গভীরে প্রবেশ করে মাটিকে শক্তভাবে আঁকড়ে ধরে রাখে। ফলে মাটির ক্ষয় ও ভাঙন কমাতে এটি কার্যকর ভূমিকা রাখতে পারে।

এ ঘাস প্রচণ্ড ঠান্ডা ও তীব্র গরমের মতো প্রতিকূল পরিবেশেও টিকে থাকতে পারে। দীর্ঘ সময় পানিতে ডুবে থাকলেও সহজে পচে না এবং লবণাক্ত পানিতেও বেঁচে থাকার সক্ষমতা রয়েছে।

সরকারের সংশ্লিষ্টরা মনে করছেন, দেশের সড়ক ও বাঁধের মাটি ক্ষয় রোধে পরিবেশবান্ধব এই পদ্ধতি ব্যবহার করা গেলে অবকাঠামো রক্ষণাবেক্ষণের পাশাপাশি প্রাকৃতিক দুর্যোগজনিত ক্ষয়ক্ষতি কমাতেও তা ভূমিকা রাখতে পারে।

সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী আসাদুল হাবিব দুলু, পানিসম্পদ মন্ত্রী মো. শহীদউদ্দীন চৌধুরী এ্যানি, কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ, অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীরসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী, প্রতিমন্ত্রী ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

BANGLADESH TIMES

17 August 2026, 08:14 PM

# প্রধানমন্ত্রীর সভাপতিত্বে সভা – সড়ক ও বাঁধ রক্ষায় বিন্না ঘাস ব্যবহারের সিদ্ধান্ত

bangladeshtimes.com




প্রধানমন্ত্রীর সভাপতিত্বে সড়ক ও বাঁধ ভাঙন রোধে পরিবেশবান্ধব বিন্না ঘাসের ব্যবহার নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৭ আগস্ট) বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর কার্যালয়ে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে বিন্না ঘাসের ব্যবহার নিয়ে একটি প্রস্তাবনা তুলে ধরেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের শিক্ষক ও গবেষক ড. মোহাম্মদ শরীফুল ইসলাম। বৈঠকে বিন্না ঘাসের উপকারিতা এবং দেশের সড়ক ও বাঁধ নির্মাণ প্রকল্পে এই ঘাসের ব্যবহার নিয়ে একমত পোষণ করা হয়।

বৈঠকে ঠিক কোন কোন প্রকল্পে এই ঘাসের ব্যবহার করা যেতে পারে, তা আরও বিস্তারিতভাবে পর্যালোচনার জন্য অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীরের নেতৃত্বে প্রস্তাবক ড. মোহাম্মদ শরীফুল ইসলামসহ একটি টেকনিক্যাল কমিটি গঠনের সিদ্ধান্ত হয়েছে।

পরিকল্পনা মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে এই ঘাসের ব্যবহার বিষয়ে একটি গাইডলাইন তৈরির সিদ্ধান্তও নেওয়া হয়েছে।

উল্লেখ্য, এই ঘাসকে ভেটিভার ঘাসও বলা হয়। বিশ্বের বিভিন্ন দেশে বাঁধ ভাঙন মোকাবিলায় এই বিন্না ঘাসের ব্যবহার হচ্ছে। বিন্না ঘাসের লম্বা মূল বা শিকড় খুব দ্রুত মাটির গভীরে প্রবেশ করে এবং মাটিকে শক্তভাবে আঁকড়ে ধরে রাখে। প্রচণ্ড ঠান্ডা ও তীব্র গরমসহ প্রতিকূল পরিবেশেও এই ঘাস বেঁচে থাকতে পারে। পানিতে ডুবে থাকলেও এটি পচে না এবং লবণাক্ত পানিতেও টিকে থাকতে পারে।

বৈঠকে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী আসাদুল হাবিব দুলু, পানি সম্পদ মন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ, অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড.

রাশেদ আল মাহমুদ তিতুমীর, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম, পানি সম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ, রেলপথ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ, নৌপরিবহন প্রতিমন্ত্রী মো. রাজিব আহসান প্রমুখ।

FACE THE PEOPLE

ROAD TO DEMOCRACY

17 August 2026, 08:09 PM

# সড়ক ও বাঁধ রক্ষায় বিন্না ঘাস ব্যবহারের সিদ্ধান্ত | Face The People

facethepeople.com.bd

প্রধানমন্ত্রীর তারেক রহমানের সভাপতিত্বে সড়ক ও বাঁধ ভাঙন রোধে পরিবেশবান্ধব বিন্না ঘাসের ব্যবহার নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১৭ আগস্ট) বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর কার্যালয়ে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের শিক্ষক ও গবেষক ড. মোহাম্মদ শরীফুল ইসলাম বিন্না ঘাসের ব্যবহার নিয়ে একটি প্রস্তাবনা তুলে ধরেন। বৈঠকে বিন্না ঘাসের উপকারিতা এবং দেশের সড়ক ও বাঁধ নির্মাণ প্রকল্পে এই ঘাসের ব্যবহার নিয়ে একমত পোষণ করা হয়।

বৈঠকে ঠিক কোন কোন প্রকল্পে এই ঘাসের ব্যবহার করা যেতে পারে, তা আরও বিস্তারিতভাবে পর্যালোচনার জন্য অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীরের নেতৃত্বে প্রস্তাবক ড. মোহাম্মদ শরীফুল ইসলামসহ একটি টেকনিক্যাল কমিটি গঠনের সিদ্ধান্ত হয়েছে।

পরিকল্পনা মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে এই ঘাসের ব্যবহার বিষয়ে একটি গাইডলাইন তৈরির সিদ্ধান্তও নেওয়া হয়েছে।

উল্লেখ্য, বিন্না ঘাস বিশ্বের বিভিন্ন দেশে বাঁধ ভাঙন মোকাবিলায় ব্যবহার হচ্ছে। বিন্না ঘাসের লম্বা মূল বা শিকড় খুব দ্রুত মাটির গভীরে প্রবেশ করে এবং মাটিকে শক্তভাবে আঁকড়ে ধরে রাখে। প্রচণ্ড ঠান্ডা ও তীব্র গরমসহ প্রতিকূল পরিবেশেও এই ঘাস বেঁচে থাকতে পারে। পানিতে ডুবে থাকলেও এটি পচে না এবং লবণাক্ত পানিতেও টিকে থাকতে পারে।

বৈঠকে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী আসাদুল হাবিব দুলু, পানি সম্পদ মন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ, অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম, পানি সম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ, রেলপথ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ, নৌপরিবহন প্রতিমন্ত্রী মো. রাজিব আহসান প্রমুখ।

BSS NEWS

Online portal of Bangladesh Sangbad Sangstha

17 August 2026, 08:00 PM

# PM chairs meeting on use of vetiver grass to protect roads, embankments | News | Bangladesh Sangbad Sangstha (BSS)

www.bssnews.net



DHAKA, Aug 17, 2026 (BSS) – A meeting was held today with Prime Minister Tarique Rahman in the chair to explore the use of environment-friendly vetiver grass to prevent erosion and protect roads and embankments in the country.

The meeting was held at the Prime Minister’s Cabinet Division office in the Bangladesh Secretariat here, said Prime Minister’s Deputy Press Secretary Shahadat Shadhin.

He said Dr Mohammad Shariful Islam, a teacher and researcher at the Department of Civil Engineering of Bangladesh University of Engineering and Technology (BUET), presented a proposal on the use of vetiver grass at the meeting.

The meeting agreed on the benefits of the grass and its potential use in road and embankment construction projects across the country.

The meeting decided to form a technical committee, led by Prime Minister’s Finance and Planning Adviser Rashed Al Mahmud Titumir and including proposal presenter Dr Mohammad Shariful Islam, to examine in detail which specific projects could incorporate the grass.

It also decided to formulate a guideline on the use of vetiver grass in coordination with the Ministry of Planning.

Vetiver grass is used in various countries to help protect embankments against erosion. Its long roots penetrate deep into the soil rapidly and help hold the soil firmly together.

The grass can survive in harsh environmental conditions, including extreme cold and heat. It can also withstand prolonged submergence and survive in saline water.

LGRD and Cooperatives Minister Mirza Fakhrul Islam Alamgir, Finance and Planning Minister Amir Khosru Mahmud Chowdhury, Disaster Management and Relief Minister Asadul Habib Dulu, Water Resources Minister Md Shahiduddin Chowdhury Anee, Agriculture Ministry Mohammed Aminur Rashid, Prime Minister’s Finance and Planning Adviser Rashed Al Mahmud Titumir, State Minister for LGRD and Cooperatives Mir Shahe Alam, State Minister for Environment, Forest and Climate Change Shaikh Faridul Islam, State Minister for Water Resources Forhad Hossain Azad, State Minister for Railways Habibur Rashid and State Minister for Shipping Md Razib Ahsan attended the meeting.

18 August 2026, 08:28 AM

# Govt decides to use of vetiver grass to protect roads, embankments

barta24.com



A meeting was held on Monday, August 17, with Prime Minister Tarique Rahman in the chair to explore the use of environment-friendly vetiver grass to prevent erosion and protect roads and embankments in the country.

The meeting was held at the Prime Minister's Cabinet Division office in the Bangladesh Secretariat here, said Prime Minister's Deputy Press Secretary Shahadat Shadhin.

He said Dr Mohammad Shariful Islam, a teacher and researcher at the Department of Civil Engineering of Bangladesh University of Engineering and Technology (BUET), presented a proposal on the use of vetiver grass at the meeting.

The meeting agreed on the benefits of the grass and its potential use in road and embankment construction projects across the country.

The meeting decided to form a technical committee, led by Prime Minister's Finance and Planning Adviser Rashed Al Mahmud Titumir and including proposal presenter Dr

Mohammad Shariful Islam, to examine in detail which specific projects could incorporate the grass.

It also decided to formulate a guideline on the use of vetiver grass in coordination with the Ministry of Planning.

Vetiver grass is used in various countries to help protect embankments against erosion. Its long roots penetrate deep into the soil rapidly and help hold the soil firmly together.

The grass can survive in harsh environmental conditions, including extreme cold and heat. It can also withstand prolonged submergence and survive in saline water.

LGRD and Cooperatives Minister Mirza Fakhrul Islam Alamgir, Finance and Planning Minister Amir Khosru Mahmud Chowdhury, Disaster Management and Relief Minister Asadul Habib Dulu, Water Resources Minister Md Shahiduddin Chowdhury Anee, Agriculture Ministry Mohammed Aminur Rashid, Prime Minister's Finance and Planning Adviser Rashed Al Mahmud Titumir, State Minister for LGRD and Cooperatives Mir Shahe Alam, State Minister for Environment, Forest and Climate Change Shaikh Faridul Islam, State Minister for Water Resources Forhad Hossain Azad, State Minister for Railways Habibur Rashid and State Minister for Shipping Md Razib Ahsan attended the meeting.